

## কাতারে অনুষ্ঠিত আন্তর্জাতিক সমুদ্র মহড়া ও প্রদর্শনীতে অংশগ্রহণ শেষে দেশে ফিরেছে নৌবাহিনী যুদ্ধজাহাজ 'বঙ্গবন্ধু'

কাতারের দোহাতে অনুষ্ঠিত ৬ষ্ঠ আন্তর্জাতিক সমুদ্র মহড়া ও প্রদর্শনীতে (6th Doha International Maritime Exhibition and Conference-2018) অংশগ্রহণ শেষে নৌবাহিনী যুদ্ধজাহাজ 'বঙ্গবন্ধু' দেশে এসে পৌঁছেছে। বৃহস্পতিবার (২৯-০৩-২০১৮) সকালে চট্টগ্রাম নৌ জেটিতে এসে পৌঁছালে নৌবাহিনীর প্রচলিত প্রথা অনুযায়ী সুসজ্জিত বাদকদল বাদ্য পরিবেশনের মাধ্যমে জাহাজটিকে স্বাগত জানায়। এ সময় স্থানীয় পদস্থ নৌ কর্মকর্তা এবং জাহাজে গমনকারী কর্মকর্তা ও নাবিকদের পরিবারবর্গের সদস্যরা উপস্থিত ছিলেন।



কাতারের দোহাতে অনুষ্ঠিত ৬ষ্ঠ আন্তর্জাতিক সমুদ্র মহড়া ও প্রদর্শনীতে অংশগ্রহণ শেষে আজ বৃহস্পতিবার (২৯-০৩-২০১৮) দেশে ফিরেছে বাংলাদেশ নৌবাহিনী যুদ্ধজাহাজ 'বঙ্গবন্ধু'।

গত ১২ হতে ১৪ মার্চ পর্যন্ত কাতারে অনুষ্ঠিত বহুপাক্ষিক এ মহড়া ও প্রদর্শনীতে বাংলাদেশ, ভারত ও যুক্তরাষ্ট্রসহ বিশ্বের বিভিন্ন দেশের যুদ্ধজাহাজ ও প্রতিনিধিগণ অংশ নেয়। উক্ত মহড়া ও প্রদর্শনীতে নৌবাহিনী যুদ্ধজাহাজ 'বঙ্গবন্ধু' ২৩০ জন নৌসদস্য নিয়ে অংশগ্রহণ করে। উল্লেখ্য, জাহাজটি কাতার গমনকালে ২ হতে ৫ মার্চ ভারতের মুম্বাই এবং দেশে ফেরার পথে ২২ হতে ২৫ মার্চ শ্রীলংকার কলম্বো বন্দরে শুভেচ্ছা সফরে অবস্থান করে। এ ধরনের আন্তর্জাতিক মহড়া ও প্রদর্শনীতে নৌবাহিনী যুদ্ধজাহাজের অংশগ্রহণ সমুদ্র নিরাপত্তা নিশ্চিতকরণে আঞ্চলিক সহযোগিতা এবং বহিঃবিশ্বে দেশের সুনাম বৃদ্ধিসহ বহুপাক্ষিক সম্পর্ক জোড়দার করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

উল্লেখ্য, উক্ত মহড়ায় অংশ নিতে বাংলাদেশ নৌবাহিনী জাহাজ 'বঙ্গবন্ধু' গত ২২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে বাংলাদেশ ত্যাগ করে।